সাংবাদিকদের সাথে ঝিনাইদহের নবাগত পুলিশ সুপারের মতবিনিময়

ঝিনাইদহে কর্মরত প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন নবাগত পুলিশ সুপার আজিম-উল-আহসান।

বুধবার (২আগস্ট) সকালে পুলিশ সুপারের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সেসময় পুলিশ সুপার আজিম-উল-আহসান, অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাঈদ, ইমরান জাকারিয়া, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মীর আবিদুর রহমান, ডিআইও ওয়ান আতিকুর রহমান, সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা, ডিবি ওসি শাহীন উদ্দিনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

মতবিনিময় সভায় ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপু, সিনিয়র সাংবাদিক বিমল কুমার সাহা, নিজাম উদ্দিন জোয়ারদারসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

নবাগত পুলিশ সুপার আজিম-উল-আহসান, ঝিনাইদহ থেকে মাদক, সন্ত্রাস, আত্মহত্যা, কিশোরগ্যাং, সুদে কারবারীসহ সকল প্রকার অন্যায় অপরাধ দুর করতে পুলিশ বিভাগকে সহযোগিতা করার আহ্বান জানান। সাংবাদিকদের প্রশ্নের জবাব দিতে গিয়ে তিনি সকলের প্রচেষ্টা এবং সময় কার্যকরি উপদেশকে কাজে লাগিয়ে ঝিনাইদহকে ভালো রাখতে চাই। সামাজিক নানান সমস্যা সামাজিক আন্দোলনের মাধ্যমেই সমাধান করার চেষ্টা করতে হবে বলেও তিনি আশাবাদ ব্যক্ত করেন।

৯৯৯ এ কল, বিবাদমান জমির উপর নির্মিত ভবনের কাজ বন্ধ করলো পুলিশ

৯৯৯ এর কল পেয়ে বিবাদমান জমির উপর নির্মিত ভবনের কাজ বন্ধ করলেন

মহেশপুর থানা পুলিশ। গতকাল বুধবার সকালে ওই কাজ বন্ধ করেন পুলিশ।

জানা যায়,মহেশপুরের আলমপুর বাজার সংলগ্ন প্রগতি টেডার্সের ভবনের ৮ শতক জমি নিয়ে দীর্ঘদিন ধরে বিবাদ চলে আসছে মাহবুবুর রহমান ও ইউনুচ আলীর সঙ্গে।

এরমধ্যে ইউনুচ আলী পৈত্রিক সুত্রে ওই জমির মালিকানা দাবী করছেন। যা নিয়ে আদালতে চলমান রয়েছে মামলা। গতকাল বুধবার সকালে ওই জমির উপর নির্মিত ভবনের কাজ করছিলেন মাহবুবুর রহমানের ছেলে আব্দুল্লা আল মামুন (মিনু)। খবর পেয়ে ইউনুচ আলী পুলিশের টোল ফ্রি নাম্বার ৯৯৯ এ কল করেন। এ খবরে পুলিশ আইন শৃংখলা রক্ষার্থে কাজ বন্ধ করে দেন।

বিষয়টি নিয়ে জমির মালিক ইউনুস আলী বলেন, জমি নিয়ে আদালতে মামলা চলমান রয়েছে। এরপরও তারা আদালত অবমাননা করে ওই জমির উপর নির্মিত ভবনে কাজ করছিল। আমি বাধ্য হয়ে ৯৯৯ এ কল করেছিলাম,পুলিশ এসে কাজ বন্ধ করে দিয়েছেন।
তিনি বলেন, আলামপুর মৌজার সাবেক ৪৩ দাগ,বর্তমান ৬৮ দাগের জমি এটি। মাহবুর রহমান ওই জমি ক্রয় সুত্রে মালিক। তবে তিনি জমির একপাশ কিনে, ভোগ দখল করছেন,অন্য পাশের জমি। আর এটা নিয়ে বিবাদ।

অন্যদিকে মাহবুবুর রহমানের ছেলে আব্দুল্লা আল মামুন(মিনু) বলেন,২০১৩ সালে আলমপুর মৌজার ৬৮ দাগ থেকে ৮ শতক জমি কিনেন আমার পিতা। সে থেকে ভোগ দখল করে আসছি।

ভবনও নির্মান করা হয়েছে ওই জমির উপর। এখন তারা ভবনের জায়গা,তাদের বলে দাবী করছেন। হয়রানি করছেন বিভিন্ন ভাবে। মামলা ও করেছেন বেশ কয়েকটি।

তবে আদালতে কোন প্রমান দিতে না পারায়, ইতোমধ্যে সব মামলা আদালত খারিজ করে দিয়েছেন। আর একটা মামলা আছে। ওই মামলাটিও রয়েছে শুনানি পর্যায়ে। যা শুনানি হলে, ওই মামলাও খারিজ হবে বলে আশা করছি।

বিষয়টি নিয়ে মহেশপুর থানায় সহউপপরিদর্শক (এএসআই) আজমল হোসেন বলেন,ওই জমিতে মামলা চলমান রয়েছে। এরপরও একপক্ষ কাজ করছিল। অন্যপক্ষ ৯৯৯ এ কল করেন। এরপেক্ষিতে ওসি স্যার আমাকে পাঠিয়েছিলেন। আমি এসে কাজ বন্ধ করে দিয়েছি। যাতে করে কোন প্রকার আইন শৃংখলার অবনতি না ঘটে।

মামলা ও গ্রেপ্তারের প্রতিবাদে ব্যবসায়ীদের ধর্মঘট পালন

ঝিনাইদহে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে বাঁধা দেওয়ার অভিযোগে মামলা ও গ্রেপ্তারের প্রতিবাদে ধর্মঘট পালন করছে ব্যবসায়ীরা।

আজ বুধবার সকাল থেকে জেলা শহরের সবচেয়ে বড় বাজার নতুন হাটখোলার ব্যবসায়ীরা এ কর্মসূচী পালন করছে। এতে বিপাকে পড়েছে সর্বস্তরের মানুষ।

স্থানীয়রা জানায়, মঙ্গলবার বিকেলে জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট শরিফুল হক ও জেলা ঔষধ তত্বাবধায়ক নতুন হাটখোলায় অভিযান চালায়। দুটি দোকানে ২৫ হাজার টাকা জরিমানা করে। সেসময় আশপাশের ব্যবসায়ীরা বিচারকদের অবরুদ্ধ করে। পরে পুলিশ এলে তারা সেখান থেকে চলে যায়। এ ঘটনায় রাতে ঔষধ তত্বাবধায়ক সিরাজুম মুনিরা বাদী হয়ে ১৪ জনের নাম উল্লেখসহ অজ্ঞাত ৮০/৯০ জনকে আসামী করে সদর থানায় মামলা দায়ের করে। মামলার পর ২ জনকে গ্রেপ্তার করে পুলিশ। এ ঘটনার প্রতিবাদ ও মামলা প্রত্যাহারের দাবীতে সকাল থেকেই ধর্মঘট পালন করছে ব্যবসায়ীরা। আর এতে চরম বিপাকে পড়েছে বাজার করতে আসা সব শ্রেণীর মানুষ।

শহরের আদর্শপাড়া এলাকার বাসিন্দা আম্বিয়া খাতুন বলেন, আমার বাসায় অতিথি এসেছে। এখন বাজার করতে এসে কিছুই তো পেলাম না। এখন কি করি কোথা থেকে বাজার করি তা নিয়ে তো বিপদে আছি।

কেজি কলেজ এলাকার কলেজ ছাত্র আহসান কবির বলেন, আমরা ম্যাচে ৩৫ জন ছাত্র থাকি। এখন বাজারে এলাম কেনা-কাটা করব বলে। কিন্তু সব দোকান তো বন্ধ। এখন বাজার করতে না পারলে তো সবাইকে না খেয়ে থাকতে হবে।

নতুন হাটখোলা দোকান মালিক সমিতির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম বলেন, বিনা কারণে ব্যবসায়ীদের নামে মামলা দেওয়া হয়েছে। ইতিমধ্যে ২ জনকে গ্রেফতারও করেছে পুলিশ। তাই ব্যবসায়ীরা গ্রেফতার এড়াতে বাজারে আসেনি। ডিসি স্যারের সাথে আমাদের কথা হয়েছে। তিনি এই

সমস্যার সমাধান করলে ব্যবসায়ীরা আবারো দোকান খুলবে।

ঝিনাইদহে জনসচেতনতা মূলক নাটক ‘অপমৃত্যু’র টেকনিক্যাল শো প্রদর্শিত

ঝিনাইদহে আত্মহত্যা, যৌতুক, বাল্যবিবাহ, মাদকাসক্ত ও জঙ্গিবাদ বিরোধী জনসচেতনামূলক নাটক অপমৃত্যু’র টেকনিক্যাল শো প্রদর্শিত হয়েছে।

আজ বুধবার দুপুরে ঝিনাইদহ শিশু একাডেমি মিলনায়তনে নাটকটির এ শো পরিবেশিত হয়।

সাঈদ সরোয়ার’র রচনায় ও নাজিমুদ্দিন জুলিয়াস’র নির্দেশনায় জনসচেতনামূলক নাটকে অভিয়ন করে অংকুর নাট্য একাডেমীর নাট্য শিল্পীরা।

বাল্যবিবাহ ও যৌতুকের কারণে একটি একটি মেয়ের উপর মানসিক ও শারীরিক নির্যাতন। অসহায় হয়ে পড়া মেয়েটির আত্মহননের পথ বেছে নেওয়া, মাদকাসক্ত ব্যক্তির নানা অপরাধমূলক কর্মকান্ডে জড়িয়ে পড়াসহ নানা দিক তুলে ধরা হয় নাটকটিতে।

টেকনিক্যাল শো অনুষ্ঠানে জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম’ সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মকবুল হোসেন, অংকুর নাট্য একাডেমীর সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন জুলিয়াস, আজীবন সদস্য ও সাবেক অধ্যক্ষ আমিনুল ইসলাম টুকু, জয়া রানী চন্দ্র অধ্যক্ষ ফজর আলী গার্লস স্কুল এন্ড কলেজ, এসডাব নির্বাহী পরিচালক মিজানুর রহমান মিজান, অংকুর নাট্য একাডেমীর আজীবন সদস্য জিয়াউল ইসলাম খানসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে ডেঙ্গুর জ্বরের প্রভাব বৃদ্ধি

ঝিনাইদহ ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে প্রতিদিনই বাড়ছে ডেঙ্গু জ্বরে আক্রান্ত রোগীর সংখ্যা। জেলা শহরে একাধিক স্থানে মিলেছে ডেঙ্গুর বাহক এডিস মশার উপস্থিতি। এ অবস্থায় জেলা জুড়ে ডেঙ্গু আতঙ্ক ছড়িয়ে পড়েছে। ছোটবড় সব বয়সী মানুষই ডেঙ্গুতে আক্রান্ত হচ্ছেন।

আজ মঙ্গলবার সরেজমিনে দেখা যায়, ঝিনাইদহ ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে বর্তমানে ১১ জন ডেঙ্গু আক্রান্ত রোগী চিকিৎসা নিচ্ছেন। হাসপাতালে চিকিৎসাধীন রোগীরা পর্যাপ্ত চিকিৎসা সেবা না পাওয়ার অভিযোগ করছেন। তারা বলেন, হাসপাতালের ফ্যান নষ্ট, হাসপাতালে সবসময় প্যাথলজিস্ট না থাকায় দ্বিগুন টাকা খরচ করে বাহির থেকে রিপোর্ট করাতে হচ্ছে, মশাড়ি ছেড়া সেইসাথে টাঙ্গানোর ব্যবস্থাও নেই।

চিকিৎসাধীন জেসমিন আরা জানান, আমি বাড়ি থেকে আক্রান্ত হয়েছি। তিনদিন ধরে হাসপাতালে আছি কিন্তু মশারি টাঙ্গাতে পারছি না।

শৈলকূপা থেকে আসা ডেঙ্গু রোগী শিহাবের স্বজন অভিযোগ করে বলেন, হাসপাতালের পরিবেশ অপরিচ্ছন্ন, ফ্যান নষ্ট। হাসপাতালে সবসময় প্যাথলজিস্ট না থাকায় দ্বিগুন টাকা খরচ করে বাহির থেকে পরীক্ষা করাতে হচ্ছে। যা আমাদের জন্য কষ্টসাধ্য হয়ে পড়েছে।

জেলা সিভিল সার্জন অফিস সূত্রে জানা গেছে, শৈলকূপায় ৩ জন, কালীগঞ্জে ৩ জন, হরিণাকুুণ্ডে ১জন, কোটচাঁদপুর ২জন, মহেশপুরে ২জন ডেঙ্গু রোগে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন রয়েছেন।

ঝিনাইদহ ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালের তত্বাবধায়ক ডা. সৈয়দ রেজাউল ইসলাম জানান, গত সপ্তাহে এখানে ৪০ জন ডেঙ্গু আক্রান্ত রোগী চিকিৎসাধীন ছিলেন। বর্তমানে ডেঙ্গু আক্রান্ত ১১ জন রোগী চিকিৎসা নিচ্ছেন। হাসপাতালে যারা চিকিৎসা নিচ্ছেন তাদের বেশিরভাগই ঢাকায় আক্রান্ত হয়েছেন। তবে জেলার বিভিন্ন এলাকাতেও

আক্রান্তের সংখ্যা বাড়ছে। ডেঙ্গু রোগীদেরকে বিশেষায়িত কক্ষে মশারির নিচে রাখা হয়েছে। সার্বক্ষণিক চিকিৎসক ও নার্সের তত্ত্বাবধানে তারা সেবা পাচ্ছেন।

ঝিনাইদহের সিভিল সার্জন ডা: শুভ্রা রানী দেবনাথ জানান, ডেঙ্গুর লক্ষণে এখন অনেক পরিবর্তন এসেছে। তাই সবাইকে সাবধানতা অবলম্বন করতে হবে। আগে সবাই বলতো এডিস মশা দিনে দংশন করে। এটা ঠিক নয়। এই মশা এখন দিন-রাতে সব সময়ই দংশন করে। তাই বাসাবাড়ি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার পাশাপাশি মশা যেন কামড়াতে না পারে সে জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। বাসার বারান্দায় রাখা গাছের টব, প্লাস্টিকের ব্যাগ, টিনের কৌটা, ডাবের খোসা, প্লাস্টিকের বোতল, গাড়ির পরিত্যক্ত টায়ারে পানি জমে থাকতে দেয়া যাবে না। জেলায় আশঙ্কাজনকহারে ডেঙ্গু রোগীর সংখ্যা বাড়ছে। অন্তত সামনের দুইমাস সবাইকে সতর্ক থাকতে হবে।

কোটচাঁদপুর কেন্দ্রীয় মৎস্য হ্যাচারী কমপ্লেক্স পরিদর্শনে ৪২ জন শিক্ষার্থী

খুলনা বিশ্ববিদ্যালয়ের ৪২ জন ছাত্র /ছাত্রী পরিদর্শন করলেন,কোটচাঁদপুর কেন্দ্রীয় মৎস্য হ্যাচারী কমপ্লেক্স। এ সময় তারা ফিস হ্যাচারী ম্যানেজমেন্টের উপর করেন ব্যবহারিত ক্লাস,প্রশিক্ষন নেন হাতে -কলমে। হ্যাচারি কমপ্লেক্সে আসতে পেরে উচ্ছাস প্রকাশও করেছেন ওই শিক্ষার্থীরা।

জানা যায়,খুলনা বিশ্ববিদ্যালয়ের ফিসারিজ বিভাগের ৪২ জন ছাত্র/ছাত্রী শনিবার পরিদর্শনে আসেন,কোটচাঁদপুর কেন্দ্রীয় মৎস্য হ্যাচারী কমপ্লেক্স।

এ সময় ওই শিক্ষার্থীরা ফিস হ্যাচারী ম্যানেজমেন্টের উপর করেন ব্যবহারিক ক্লাস। হাতে-কলমে নেন প্রশিক্ষন। প্রশিক্ষনার্থী চৈত্রি রানী মন্ডল ও নবরিতা রায় বলেন,এটি বাংলাদেশের কেন্দ্রীয়

মংস্য হ্যাচারী কমপ্লেক্স। ফিসারিজে ভর্তি হবার পর এ হ্যাচারীর গল্প শুনেছি। আজ স্বচক্ষে দেখলাম। সব কিছু দেখে অনেক ভাল লাগলো।

এখানে এসে কি শিখলেন,এমন প্রশ্নে শিক্ষার্থীরা বলেন, এতদিন আমরা বইয়ে পড়েছি। হাতে কলমে শেখার জন্য আসলাম। এখানে এসে জানতে পারলাম, মেল আর ফিমেল মাছ চেনার উপায়। মাছ থেকে কিভাবে ডিম সংগ্রহ করতে হয়। সেই ডিম থেকে কিভাবে রেনু হয়। আর কিভাবে রেনু গুলো বাজার জাত করা হয়।

তারা বলেন, দিনশেষে আজকের দিনটা সারা জীবনের জন্য মনে রাখারও মত একটা দিন।

এ ছাড়া হ্যাচারী ম্যানেজার আশরাফুল ইসলামের প্রশিক্ষন আমাদের মুগ্ধ করেছে। চোখ খুলে দিয়েছেন সামনে দিনে এগিয়ে যাবার।

শিক্ষার্থী আরো বলেন,আমরা আরো বেশি খুশি হয়েছি, আশরাফুল ইসলাম কে দেখে। কারন তিনি খুলনা বিশ্ববিদ্যালয়ের ছাত্র। ওনাকে এ পর্যায় দেখে ফিসারিজে পড়ার আগ্রহটা আরো বেড়ে গেছে আমাদের।

এ সময় উপস্থিত ছিলেন,ওই বিশ্ববিদ্যালয়ের প্রফেসর খন্দকার আনিসুল হক,সহযোগী অধ্যাপক শাহিন পারভেজ, কোটচাঁদপুর হ্যাচারী কমপ্লেক্সের প্রশিক্ষক কর্মকর্তা রবিউল আওয়াল মন্ডল, কোটচাঁদপুর কেন্দ্রীয় মৎস্য হ্যাচারী কমপ্লেক্সের ম্যানেজার আশরাফুল ইসলাম।

ঝিনাইদহের মহেশপুরে ফুটবল খেলা নিয়ে সংঘর্ষ নিহত ১: আহত ৩ জন

ফুটবল খেলা নিয়ে দর্শকদের মধ্যে মারামারি ঘটনা ঘটেছে। ওই ঘটনায় ১ জন নিহত আর ৩ জন আহত হয়েছেন। শুক্রবার বিকেলে মহেশপুরের আলমপুর ৪ নম্বর স্কুল মাঠের এ ঘটনা। বর্তমানে আহত দুই জন কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে।

মৃত হানিফ মন্ডলের চাচা সুমন হোসেন বলেন, শুক্রবার বিকেলে মহেশপুরের আলমপুর ৪ নম্বর স্কুল মাঠে ফুটবল খেলা হচ্ছিল। খেলা

নিয়ে তর্কে জড়িয়ে পড়েন দর্শকদের দুটি পক্ষ। এরপর মারামারি ঘটনা ঘটে। ওই মারামিতে মারা গেছে আমার ভাইপো হানিফ মন্ডল (৩০)। সে মহেশপুরের আলমপুর ৪ নম্বরের রফিকুল ইসলামের ছেলে।

এছাড়া আহত হচ্ছেন,ওই গ্রামের সিদ্দিকুর রহমানের ছেলে শফিকুল ইসলাম (৩৫),মোকবুল ইসলামের ছেলে আরিফুল ইসলাম (২৭),শফিকুল ইসলামের ছেলে মতিয়ার রহমান(৩৫)।

মৃত হানিফ মন্ডল আলমপুর ৬ ওয়ার্ড যুবলীগের সভাপতি বলে জানা গেছে। পারিবারিক জীবনে তিনি ২ সন্তানের জনক। বর্তমানে তাঁর মৃত দেহ কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে পড়ে রয়েছে। আর আহতদের মধ্যে দুই জন চিকিৎসাধীন রয়েছে।

এ ব্যাপারে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক তারুনী পাশা বলেন, হানিফকে আমরা মৃত অবস্থায় পেয়েছি। এ ছাড়া আহত অবস্থায় পেয়েছি ৩ জনকে। এদের মধ্যে ২ জনকে চিকিৎসা দিয়ে ভর্তি করা হয়েছে। আরেক জন প্রাথমিক চিকিৎসা নিয়ে চলে গেছেন।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) সাজ্জাদ হোসেন বলেন,ঘটনা শুনে স্বাস্থ্য কমপ্লেক্সে আসছিলাম। এসে দেখি ফুটবল খেলা নিয়ে মারামারিতে হানিফ নামে একজন মারা গেছেন। আহত হয়েছেন ৩ জন। আমরা মৃত দেহের সুরতহাল করেছি। ময়না তদন্তের জন্য ও পাঠাব। তবে তাদের বাড়ি মহেশপুর থানায় হওয়ায় মামলা হবে ওই থানায়।

ঝিনাইদহ দস্যুতা মামলার সাজাপ্রাপ্ত দুই পলাতক আসামী গ্রেপ্তার

ঝিনাইদহ থেকে র্যাব-৬ এর হাতে দস্যুতা মামলার সাজাপ্রাপ্ত ও অর্থদন্ডপ্রাপ্ত ২জন পলাতক আসামি র্যাবের হাতে গ্রেপ্তার হয়েছে।

বুধবার সকালে ঝিনাইদহ র্যাব-৬ এর কোম্পানী কমান্ডার ইসতিয়াক আহম্মেদ স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে জানা যায়, ১৮ জুলাই

রাতে র্যাব-৬ (ঝিনাইদহ ক্যাম্প) এর একটি চৌকস আভিযানিক দল গোপন সংবাদের মাধ্যমে জানতে পারে যে, দস্যুতা মামলার ৫ বছর ৩ মাসের সাজাপ্রাপ্ত ও অর্থদন্ডপ্রাপ্ত ২ জন পলাতক আসামী ঝিনাইদহ জেলার সদর থানা এলাকায় অবস্থান করছে।

উক্ত সংবাদের ভিত্তিতে অভিযানিক দলটি একই তারিখ ঝিনাইদহ জেলার সদর থানাধীন হাটগোপালপুর এলাকায় একটি বিশেষ অভিযান পরিচালনা করে উক্ত সাজাপ্রাপ্ত ও অর্থদন্ডপ্রাপ্ত পলাতক আসামী আজাদ শেখ (৪৮) ও অনিক ওরফে সাদ্দাম (২৪) কে গ্রেপ্তার করে। তারা উভয়ে ঝিনাইদহের কালীগঞ্জ থানার বাসিন্দা।

গ্রেপ্তারকৃত আসামীদ্বয়কে কালীগঞ্জ থানায় হস্তান্তর করা হয়েছে।

ঝিনাইদহে বিদ্যুৎস্পৃষ্টে ব্যবসায়ীর মৃত্যু

ঝিনাইদহ শহরের চাকলাপাড়া বিদ্যুৎস্পৃষ্টে শওকত আলী (৫০) নামের একব্যবসায়ীর মৃত্যু হয়েছে। বুধবার সকালে এ দুর্ঘটনা ঘটে। শওকত আলী সদর উপজেলার মহিষাকুন্ডু এলাকার মৃত শুকুর আলীর ছেলে।

ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা জানান, শওকত আলী চাকলাপাড়া একটি ভাড়া বাসায় ইজিবাইক চার্জের ব্যবসা করত। বুধবার সকালে চার্জরত ইজিবাইকের প্লাগ খুলতে গিয়ে বিদ্যুতায়িত হয়ে গুরুতর আহত হয়। সেখান থেকে তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

পরিবারের পক্ষ থেকে অভিযোগ না থাকায় তার মরদেহ হস্তান্তর করা হয়েছে।

ঝিনাইদহে বিএনপির পদযাত্রা কর্মসূচী পালিত

প্রধানমন্ত্রী শেখ হাসিনার পদত্যাগসহ নির্দলীয় নিরপেক্ষ সরকারের দাবীতে ঝিনাইদহে বিএনপির পদযাত্রা কর্মসূচী পালিত হয়েছে।

বিএনপির কেন্দ্রীয় কর্মসূচীর আলোকে ঝিনাইদহ জেলা বিএনপি বুধবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাবের সামান থেকে এই পদযাত্রা শুরু করে। এতে ঝিনাইদহ সদর উপজেলা ছাড়াও ৬ উপজেলা থেকে আসা কয়েক হাজার নেতাকর্মী অংশ নেয়। পদযাত্রাটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে আরাপপুরে গিয়ে শেষ হয়।

পদযাত্রা শেষে সংক্ষিপ্ত সমাবেশে বিএনপির জাতীয় নির্বাহী কমিটি খুলনা বিভাগীয় সহ-সাংগঠনিক সম্পাদক জয়ন্ত কুমার কুন্ডু, জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা এবং বিভিন্ন উপজেলা বিএনপির সভাপতি-সাধারণ সম্পাদকসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, বর্তমান আওয়ামী সরকারকে অবৈধ দাবী করে দ্রুত নির্দলীয় নিরপেক্ষ সরকারের কাছে ক্ষমতা হস্তান্তরের দাবী জানান।